আর্থিক লিপি
শিলিগুড়ি, বৃহস্পতিবার, ১৫ নভেম্বর, ২০১৮
Siliguri, Thursday, november 15, 2018
Arthik lipi, Page 3






# শহরে কোকেন পাচারে অভিযুক্ত বিদেশি ফুটবলার


**স্টাফ রিপোর্টার:** কোকেন পাচার করতে গিয়ে গ্রেফতার হল নাইজেরিয়ার এক ফুটবলার। সূত্রের খবর, মঙ্গলবার রাতেই তাঁকে গ্রেফতার করে কলকাতা গোয়েন্দা বিভাগের পুলিশ। ধৃতের নাম ইমানুয়েল। তাঁর কাছ থেকে বেশ বিপুল পরিমাণের মাদক উদ্ধার করা হয়। সূত্রের খবর, প্রায় কয়েকলক্ষ টাকার কোকেন উদ্ধার করা হয় তাঁর থেকে। বেশ কয়েকদিন ধরেই ওই ফুটবলারের খোঁজে ছিলেন কলকাতার নারকোটিক্স ব্যুরো। তবে গোপন সূত্রে খবর পেয়ে হাজরার মোড়ে হানা দিয়ে ওই ফুটবলারকে হাতেনাতে গ্রেফতার করে পুলিশ, এমনটাই জানা গেছে। প্রসঙ্গত, এর আগেও বহুবার খেলোয়াড়দের নাম জড়িয়েছে মাদকের সঙ্গে। শহর জুড়ে মাদকের খদ্দের এখন ফুটবলাররা। সম্প্রতি পুলিশের জালে ধরা পড়ে এক নাইজেরিয় মহিলা। তাঁকে জেরা করেই খোঁজ পাওয়া যায় এই ইমানুয়েলের বলে জানা গেছে সূত্রে।

# শহরের শিশুদের পুষ্টি, বেড়ে ওঠা নিয়ে বিশেষ প্রচার সৌরভের

**স্টাফ রিপোর্টার:** 'আরও স্বপ্ন আরও বেড়ে ওঠা' এই ক্যাম্পেনের মাধ্যমে কলকাতার বাড়ন্ত শিশুদের নিয়ে কমপ্লানের বিশেষ কর্মসূচিতে বিপ্লব ঘটালেন কিংবদন্তি ক্রিকেটার সৌরভ গাঙ্গুলি। এদিন সাংবাদিক বৈঠক করে তিনি জানান, ক্রাফ্ট হাইঞ্জ-এর কমপ্লান বিশেষ কর্মসূচি নিয়েছে শহরের শিশুদের সার্বিক বিকাশের জন্য। আমি এই সংস্থার ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসেবে কাজ করে আনন্দিত। কমপ্লান খাওয়া বাচ্ছারা বুদ্ধির বিকাশে এবং পুষ্টির দিক দিয়ে অনেকটা এগিয়ে থাকে। এদিন সংস্থার পক্ষ থেকে অঙ্কন প্রতিযোগিতায় ১০ জনকে ১ লক্ষ টাকা করে শিক্ষার জন্য স্কলারশিপ দেওয়া হয়। সংস্থার সিএমও সুদীপ কাশ্যপ এই স্কলারশিপ তুলে দেয় শিশুদের হাতে।

# ফার্ন রোডে পরিচারিকার মৃত্যু ঘিরে রহস্য

স্টাফ রিপোর্টার: ফার্ন রোডে বাড়ির পরিচারিকার মৃত্যু ঘিরে রহস্য দানা বেঁধেছে। অভিনেত্রী সন্ধ্যারানী চট্টোপাধ্যায়ের বাড়ির পরিচারিকা বাসন্তী গায়েনের অস্বাভাবিক মৃত্যু ঘিরেই উত্তেজনা তৈরি হয়েছে। মঙ্গলবার রাতে দক্ষিণ কলকাতার ওই বাড়ি থেকেই বাসন্তীদেবীর অগ্নিদগ্ধ দেহ উদ্ধার করা হয়। পুলিশ সূত্রে জানা গেছে, মৃতার মাথার পেছনে ও সামনে আঘাতের চিহ্ন পাওয়া গেছে। গভীর রাতেই তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে পরীক্ষা নিরীক্ষার পর তাঁর আঘাতের চিহ্নের কথা মৃতার পরিবারকে জানানো হয়। এরপরই গড়িয়াহাট থানাকে বিষয়টি জানানো হয়। প্রসঙ্গত, তিন দশক আগেই সন্ধ্যারানীর বাড়িতে তিনি পরিচারিকার কাজে যোগ দিয়েছিলেন। ওই বাড়িতেই তিনি থাকতেন। অভিনেত্রী সন্ধ্যারানীর শেষ বয়সেও বাসন্তীদেবী দেখভাল করতেন। তাই ওনার মৃত্যুর পরেও পরিবারের লোকজনেরা তাঁকে রেখে দেন। তবে ওনার মাথায় কীভাবে আঘাত লাগল, তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা।



*ষষ্ঠ ওয়ার্ল্ড টি কফি এক্সপোর আসর বসবে মুম্বইয়ের নেহরু সেন্টারে। আগামী ২৯ নভেম্বর থেকে ১ ডিসেম্বর পর্যন্ত দেশ-বিদেশের চা উৎপাদকারীরা এখানে আসবেন।*

# বৈঠকে জনসংযোগ বৃদ্ধিতে জোর প্রদেশ কংগ্রেসের



**স্টাফ রিপোর্টার:** দু'দিনের কোর কমিটির বৈঠক শেষে প্রদেশ কংগ্রেস নেতারা নতুন উদ্যোগ নিয়ে জনসংযোগ বৃদ্ধিতে জোর দিলেন। এদিন প্রদেশ কংগ্রেস ভবনে সাংবাদিক বৈঠক করে এআইসিসি-র সদস্য তথা পশ্চিমবঙ্গের দায়িত্বপ্রাপ্ত কংগ্রেস নেতা গৌবর গগৈ জানান, এই বৈঠকে রাজ্যের প্রতিটি জেলার নেতারা এই বৈঠকে হাজির ছিলেন। আমরা অধীর রঞ্জন চৌধুরী থেকে শুরু করে মৌসুম বেনিজির নূর, নেপাল মাহাতো, দীপাদাশ মুন্সি সহ প্রতিটি নেতা সিদ্ধান্ত নিয়েছি জনসংযোগ বৃদ্ধিতে জোর দেওয়া হবে। পশ্চিমবঙ্গে কংগ্রেস যদি তৃণমূলকে সাহায্য না করত তাহলে ২০১১-য় ক্ষমতায় আসতে পারত না বলে জানান প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্র।

এদিন সাংসদ প্রদীপ ভট্টাচার্য, কংগ্রেস নেতা শুভঙ্কর ভট্টাচার্য এগজিকিউটিভ কমিটির বৈঠকে জানান, প্রতিটি নেতা বিভিন্ন অনুষ্ঠানে মানুষের সঙ্গে থেকে সংযোগ বৃদ্ধিতে জোর দেবেন। গৌরব গগৈ বলেন, পশ্চিমবঙ্গের নেতারা দলের স্বার্থে যেটা ভাল হবে সেই সিদ্ধান্ত নেবে। কেন্দ্রীয় কমিটি সেই সিদ্ধান্তকে বদলাবে না বলে এদিন জানিয়ে দেন গৈরব গগৈ। বাংলায় তৃণমূলের সঙ্গে জোটের বিষয়ে প্রশ্ন করা হলে প্রদেশ কংগ্রেসের পর্যবেক্ষক জানান সোমেন মিত্র, অধীর চৌধুরী, প্রদীপ ভট্টাচার্য, অমিতাভ চক্রবর্তী সহ বিশিষ্ট প্রদেশ নেতারা আগামী দিনে যে সিদ্ধান্ত নেবে সেটাতেই শিল মোহর দেবে এআইসিসি। আপাতত জনসংযোগ বৃদ্ধির জন্য আগামী ডিসেম্বর মাসে বেশ কয়েকটি র‍্যালির আয়োজন করা হয়েছে। কলকাতা, মালদহ, পুরুলিয়াতে এই র‍্যালি করা হবে। এছাড়াও জঙ্গলমহল ও দার্জিলিংয়ে জনসংযোগ বৃদ্ধির জন্য বিশেষ কর্মসূচি নেওয়া হয়েছে প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে। পশ্চিমবঙ্গে কংগ্রেসকে আরও ক্ষমতাশালী করতে পুজোর সময় থেকে কেন্দ্রীয় কমিটির নেতারা বাংলায় আসছেন। ছট পুজোতে দীপাদাশ মুন্সি থেকে শুরু করে বিভিন্ন প্রদেশ নেতারা কয়েকটি ঘাটে গিয়ে এই উৎসবে শামিল হয়েছেন।

রাজ্যের সংখ্যালঘু, তপশিলী জাতি-উপজাতি সম্প্রদায়ের মানুষদের সুবিধা ও অসুবিধা কথা জানতে তাদের বাড়িতে বাড়িতে যাবেন প্রদেশ নেতার। রাজ্য সরকার কিংবা কেন্দ্রীয় সরকার বেকার সমস্যা নিয়ে ভাবছে না। তৃণমূল ও বিজেপি একের পর এক দুনীর্তি ও কেলেঙ্কারির সঙ্গে জড়িয়ে পড়ছে। কেন্দ্রের বিজেপি দেশ গঠনে কোনও ভূমিকা নিচ্ছে না বলে অভিযোগ করেন গৌরব গগৈ। তাই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে লাগাতার প্রচার চালানো হচ্ছে। দেশ গঠনে কংগ্রেসের বিশেষ ভূমিকা রয়েছে। কংগ্রেস সভাপতি রাহুল গান্ধি দেশের সার্বিক বিকাশে একের পর অনুষ্ঠান করছেন। সেই বার্তাগুলি সামনে রেখে প্রদেশ নেতার মনুষের কাছে যাবেন। পাঁচ রাজ্যের বিধানসভা নির্বাচন চলছে। কংগ্রেস এই নির্বাচনে ভাল ফরল করবে বলে আশাবাদী পশ্চিমবঙ্গের দায়িত্বপ্রাপ্ত নেতা। উল্লেখ্য, দু'দিনের বর্ধিত কমিটির মিটিংয়ে অধীর রঞ্জন চৌধুরী, প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্রকে পাশাপাশি বসে মিটিং করতে দেখা গিয়েছে। কংগ্রেস নেতা গৌরব গগৈ জানান, সোমেন মিত্র এবং অধীর রঞ্জন চৌধুরীর মধ্যে কোনও বিবাদ নেই। কয়েকটি মিডিয়া মিথ্যা প্রচার করছে। প্রদেশ কংগ্রেসের সমস্ত নেতা একত্রিতভাবে এবার রাস্তায় নেমে বুথস্তর থেকে সংগঠন বৃদ্ধিতে জোর দেবেন। বুধবার দেশের প্রথম প্রধানমন্ত্রী জহরলাল নেহরু এবং পশ্চিমবঙ্গের বিশিষ্ট প্রয়াত নেতা তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রিয়রঞ্জন দাশমুন্সির জন্মদিনে আমরা সেই শপথ নিলাম।



*ত্রিধারা বিজয়া সম্মিলনী ২০১৮-র অনুষ্ঠানে লাইফ টাইম অ্যাচিভমেন্ট পুরস্কার দেওয়া হল শিল্পী দিলীপ কুমার রায়কে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের তথ্য সংস্কৃতি দফতরের রাষ্ট্রমন্ত্রী ইন্দ্রনীল সেন, কলকাতা পুরসভার মেয়র পারিষদ সদস্য দেবাশিস কুমার এবং শিল্পপতী সঞ্জয় বুধিয়া।*

# তোলাবাজির অভিযোগে গ্রেফতার ১ দুষ্কৃতী

**স্টাফ রিপোর্টার:** চিনারপার্ক এলাকা সংলগ্ন এলাকার বাসিন্দা অজয় অমল সিনহার অভিযোগে গ্রেফতার করা হল হাতিয়ারা এলাকার তোলাবাজ রাজু সিংকে। অজয়বাবু বাগুইআটি থানার পুলিশের কাজে অভিযোগ দায়ের করেছিলেন। সেখানে তিনি পুলিশকে জানান, রাজু দীর্ঘদিন তাকে টাকা চেয়ে হুমকি দিচ্ছিল। চলতি মাসের ৬ তারিখ রাজু অজয়বাবুর একটি কফি শপে ভাঙচুর চালায়। তারপরেই অজয়বাবু ভয় পেয়ে রাজুকে ২০ হাজার টাকা দেয়। এর আগেও একইরকম ভাবে রাজু তাঁর কাছ থেকে টাকা আদায় করেছিল। পেশায় প্রোমোটার অজয়বাবু পুলিশকে আরও জানিয়েছেন, ওই ২০ হাজার টাকা রাজু পাওয়ার পরেও তাঁর কাছ থেকে টাকা চেয়ে ফোন করতে শুরু করে। কিন্তু এবারে টাকা দিতে না চেয়েই অজয়বাবু পুলিশের সাহায্য চান। সেই অভিযোগ দায়ের হওয়ার পরেই পুলিশ রাজুকে গ্রেফতার করে।

# অটোরাজের প্রতিবাদ, জুটল মার

স্টাফ রিপোর্টার: বেপরোয়া অটোরাজের প্রতিবাদ করতে গিয়ে মার খেলেন যাত্রী। অটোচালকই মারলেন ওই প্রতিবাদীকে। ওই যাত্রী পুলিশে অভিযোগ দায়ের করেন। পরে পুলিশ গ্রেফতারও করেন অটোচালককে। ঘটনাটি ঘটে বুধবার সকালে। ব্যস্ত ভিআইপি রোডে যাত্রী তোলার চেষ্টা করছে অটোচালকরা। পথচলতি মানুষের কথা মাথায় রাখা তখন 'দূর কি বাত্'। এদিন বাগুইহাটি ৪৪ নম্বর বাস স্ট্যান্ডের কাছে একটি অটো ওই যুবককে ধাক্কা মারে। তখনই প্রতিবাদ করে যুবক। ওই প্রতিবাদী যুবকের সঙ্গে বাদানুবাদ শুরু করেন অটোচালক। তবে কথায় কথায় মেজাজ হারান ওই অটোচালক। তখনই মারধর করেন ওই প্রতিবাদী যুবককে।

# শহরের ছাত্রছাত্রীদের জন্য প্লেসমেন্টে সাফল্য বৃদ্ধি আইসিএমএআই-এর

**স্টাফ রিপোর্টার:** প্লেসমেন্টের ক্ষেত্রে দ্রুত সাফল্য নিয়ে এগিয়ে চলেছে আইসিএমএআই। গত বছরের তুলনায় এবার চাকরি ক্ষেত্রে প্লেসমেন্ট দিতে ৮৫ শতাংশ বৃদ্ধি করেছে ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট অফ ইন্ডিয়া। মঙ্গলবার সংস্থার কলকাতা হেড অফিসে সাংবাদিক বৈঠক করে প্রাক্তন প্রেসিডেন্ট সিএমএ মানসকুমার ঠাকুর এবং ডিরেক্টর সিএমএ দেবপ্রসন্ন নন্দী জানান, এখনকার ছাত্র-ছাত্রীরা পঠন-পাঠনের শেষে যাতে দ্রুত নিয়োগ পান তার জন্য বিভিন্ন সংস্থার সঙ্গে যোগাযোগ বাড়ানো হয়েছে। এবার কস্ট অ্যাকাউন্টে এক ছাত্রী বার্ষিক ১৮ লক্ষ টাকায় মুম্বইয়ের একটি সংস্থায় চাকরি পেয়েছে। শীতকালীন ক্যাম্পাসে ৩০টি সংস্থা হাজির থাকবে বলে জানান




সিএমএ রিয়া চৌধুরি। ইতিমধ্যে ৩২৫ জন ছাত্র-ছাত্রী নিয়োগ হয়েছে বিভিন্ন সংস্থায়। নিয়োগ বৃদ্ধির জন্য কস্ট অ্যাকাউন্ট-এর পক্ষ থেকে আরও বেশি সংস্থাকে ক্যাম্পাসে আনার চেষ্টা করা হচ্ছে। নূন্যতম ব্যয়ে ৩ বছরের কোর্ষ করে সরকারি সংস্থায় কস্ট অ্যাকাউন্ট কোর্স করে ভাল বেতনে চাকরি করতে পারেন ন্যূনতম গ্রাজুয়েটের ছাত্র-ছাত্রীরা। টাটা বেদান্ত, আইটিসি, টিভিএস, ম্যাক্স লাইফ রিলায়েন্স, ইউপ্রো, ওএনজিসি, মেকন সহ বিভিন্ন সংস্থায় নিয়োগের জন্য ক্যাম্পাসে জোর দেওয়া হচ্ছে সংসদীয় আইনদ্বারা তৈরি দি ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট অফ ইন্ডিয়ার পক্ষ থেকে।

# সাত ঘণ্টা দশ মিনিটে ইতিহাস তৈরি হল আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে

ঋতব্রত ভট্টাচার্য

আরও এক ইতিহাসে সাক্ষী আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব। আরও ভাল করে বললে একেরপর এক 'মাস্টার্স স্ট্রোক'। ১৪ নভেম্বর। সময় বেলা ১১:১৫ মিনিট। স্থান নন্দন ৩। প্রায় ৭ ঘণ্টা ধরে কলকাতার সিনেমা প্রেমীরা সুযোগ পেলেন 'চেকমেট' দেখার। তবে এ যেন নিছক ছবি দেখা নয়। এ যেন একটা যুগকেও ফিরে দেখা। অনেকের মতে, চলচ্চিত্র একটা 'টাইম মেশিন'। স্থান-কাল-পাত্র নিয়ে নিজের ভূবন রচনা করেন পরিচালক। কিন্তু ভূবনটা যদি অর্ধেক অচেনা হয়! আর পাত্রগুলিও যদি ঐতিহাসিক হয়! আর শহরটা যদি সত্যি হয়! তা হলে চলচ্চিত্রের চ্যালেঞ্জটাও বেড়ে যায়। সময়টা গত শতাব্দীর ছয়ের দশক। পাত্র যদি জিরি মেঞ্জল, উডি অ্যালেন, কেন লোচ, এমিরা কুস্তরিকা, রাউল কুতার, জাব ও আন্দ্রে ওয়াইদা হয়, তখন ইউরোপের আকাশে ফুটছে দিকে দিকে নবতরঙ্গের প্রথম আলো। তার রেশ এসে পড়েছে শ্যাওলা ধরা স্যাঁতসেতে প্রাগ শহরের প্রাচীরে। মিলেন কুন্দারা তখন ভাবছেন, নতুন আঙ্গিকে উপন্যাস উপস্থাপনার কথা। ডিমের প্রাচীর ভাঙার যে ক্ষীণ অথচ, ভয়ংকর শব্দ শোনা যায়, তেমনই চেক বিদ্বজনের মধ্যে তখন চলছিল তীব্র আলোড়ন। সে শব্দ তখনও অশ্রুমান। নিঃশব্দে বিপ্লব এসেছে নন্দনতত্ত্বে। আর্থ-সামাজিক কাঠামোতে ধরেছে ঘুন। সৃষ্টিশীল মানুষেরা হাতড়াচ্ছেন নতুন পথ। ১৯৪৮ সালে চেক ফিল্ম ইন্ডাস্ট্রির জন্ম। গত শতাব্দীর ছয়ের দশকে নবতরঙ্গ এল। ১৯৬৮ সালের প্রাগে বসন্ত ছিল খুব কম দিনের জন্য। আর সেই বছরই চেকোশ্লোভাকিয়া চলে গেল সোভিয়েতের দখলে। চেকেরা একুশ বছর কমিউনিস্টদের থেকে মুক্তির লড়াই লড়বে। ভেলভেট বিপ্লবের জন্য তারা যেন অপেক্ষা করবে ১৯৮৯ সাল পর্যন্ত। এই দীর্ঘসময় ধরে কাঁধে কাঁধ মিলিয়ে তারা লড়াই লড়বে। সৃষ্টির অন্তরালে কখনও ফিসফিসিয়ে, কখনও বা সজোরে। তারা বিদ্রোহ চাইবে। কিন্তু শাসকের বিরুদ্ধে ক্ষোভে বিক্ষোভে-প্রতিবাদ-প্রতিরোধে-বিপ্লবে টিকে থাকা কি এতই সহজ! প্রাণের ঝুঁকি, জীবন-জীবিকার ঝুঁকি থাকা তো অবশম্ভাবী। তাই বলে কি লড়াই থেমে থাকবে? বাঁধা-শাসকের রক্তচক্ষু'র মধ্যেই লড়াই জারি থাকবে। ১৯৮৯ সালে কমিউনিজম-এর দুর্বলতায় সেই বিল্পবও স্তিমিত হবে। তবু তার রেশ ধরে শিবেন্দ্র সিং দুঙ্গাপুর ১৯ অক্টোবর ২০১০-এ প্রাগ শহরে এক ক্যাফেতে মুখোমুখি বসবেন জিরি মেনজেলের সঙ্গে। তারপরই শুরু এক ইতিহাসের। ফিল্ম স্কুলের প্রাক্তণ ছাত্র দুঙ্গাপুর দেখছেন ওই চোখদুটো। জিরি মেনজেলের চোখদুটো। তিনিও তো চার্লির মতো মানুষ ভাবতেন কমিউনিস্টদের। হাসির অন্তরালে জ্বালাতেন বিপ্লবের সলতে। নাট্যকার মলিয়ে হেঁটেছেন অভিজাতদের বিরুদ্ধে, চার্লির লড়াই ছিল ধনতান্ত্রিক পুঁজিবাদের বিরুদ্ধে। অথচ জিরি মেনজেলের লড়াই সেই কমিউনিস্টদেরই বিরুদ্ধে! শিবেন্দ্র অনেক কষ্টে রাজি করালেন মেনজেলকে। এইরকম পঁচাশি জন সেই যুগের ব্যক্তিত্বের মুখোমুখি হল দর্শক। সেক্ষেত্রে সাত ঘণ্টা দশ মিনিট নেহাতই অল্প।

# নতুন অনুসন্ধান অনুসারে এশিয়ার মধ্যে ভারতকেই বৃহত্তর সিড হাব হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে

**স্টাফ রিপোর্টার:** ক্ষুদ্রক্ষমতাবান চাষিদের উৎপাদনের কাজে সহায়তা করতে বিশ্বব্যাপী এবং আঞ্চলিক সিড ইন্ডাস্ট্রিগুলি ভারতে অনেক টাকা বিনিয়োগ করেছে। এই অঞ্চলের ২৪টি অগ্রগামী সিড কোম্পানির করা মূল্যায়ণ থেকে দেখা যাচ্ছে যে ২১টি সিড কোম্পানি ভারতে সিডস বিক্রি করে এবং ১৮টি কোম্পানি এই দেশের ফলনের কাজে টাকা বিনিয়োগ করে। তুলনামূলকভাবে দেখা যাচ্ছে থাইল্যান্ড এবং ইন্দোনেশিয়া এই অঞ্চলের আরও দুটি বৃহত্তর সিড হাবস হওয়া সত্ত্বেও প্রজন কাজের জন্য মাত্র ১১টি কোম্পানি টাকা বিনিয়োগ করে থাইল্যান্ডে আর মাত্র ৮টি কোম্পানি বিনিয়োগ করে ইন্দোনেশিয়াতে। সাম্প্রতিক ইউনাইটেড নেশন রিপোর্টস অনুসারে দক্ষিণ এবং দক্ষিণপূর্ব এশিয়াতে প্রায় ৩৫০ মিলিয়ন মানুষ অপুষ্ট, বিগত দু'বছরে এই মানুষের সংখ্যায় খুব বড় জোর একটু বদল হয়েছে। এই অঞ্চলের প্রায় ৩০ শতাংশ শিশু (ভারতে ৩৮ শতাংশ) অপুষ্টিতে আক্রান্ত। ক্ষুদ্রক্ষমতাবানরা ফুড সাপলাইয়ের ৮০ শতাংশ প্রদান করে তাই দক্ষিণ এবং দক্ষিণপূর্ব এশিয়ার ১৭০ মিলিয়ন (১০০ মিলিয়ন ভারতে) ক্ষুদ্রক্ষমতাবান চাষিদের সাহায্য করা হচ্ছে যাতে আরও বেশি পরিমাণে পুষ্টিকর খাদ্যর বৃদ্ধি হয় ফলে খাদ্য পুষ্টির সুরক্ষা অর্জন করা যাবে। ক্ষুদ্রক্ষমতাবান চাষিদের উৎপাদনের কাজে সাহায্য করতে দক্ষিণ এবং দক্ষিণপূর্ব এশিয়ার সিড কোম্পানিগুলি কতটা প্রচেষ্টা করছে সেই অনুসারে দ্য অ্যাকসিস টু সিডস ইন্ডেক্স প্রথমবার তাদের র‍্যাঙ্কিংয়ের তালিকাটি প্রকাশ করল। এই তালিকার সর্বপ্রথমে রয়েছে থাইল্যান্ডের ইস্ট-ওয়েস্ট সিড। সেরা ১০-এর তালিকায় চারটি ভারতীয় কোম্পানিও রয়েছে যেগুলি হল এডভানটা, অ্যাক্সেন হাভভগ, নামধারী সিডস এবং নুজিভিড়ু সিডস। বাকি পাঁচটি কোম্পানি হল এই অঞ্চলের বাইরের বিশ্বব্যাপী কার্যরত সিড কোম্পানি।

'বহু বিদেশি সিড কোম্পানি যারা ভারতে টাকা বিনিয়োগ করছে এবং ভারতের নিজস্ব কোম্পানি যারা টাকা বিনিয়োগ করেছে তাদের সেই সব কিছুর পাশাপাশি এই দেশ নিজেকে এক বাস্তবিক পাওয়ারহাউস হিসেবে প্রমাণ করেছে যেটি এই অঞ্চলের ক্ষুদ্রক্ষমতাবান চাষিদের জন্য গুণমানের সিডস প্রদান এবং সরবরাহ করে', বললেন অ্যাকসিস টু সিডস ইন্ডেক্সের কার্যকরী অধিকর্তা ইডো ভেরহাগেন, তবে তিনি এও বলেন, 'আরও অনের চাষিদের কাছে এখনও পৌঁছনো বাকি আছে।' ক্ষুদ্রক্ষমতাবান চাষিদের পছন্দ এবং প্রয়োজনীতার দিকে কড়া নজর রেখে ব্রিডিং প্রোগ্রামস তৈরি করার জন্য নামধারী সিডস এবং নুজিভিড়ু সিডস অনেক বেশি পয়েন্টস পেয়েছে। সিডের ধরণ এবং প্যাকেজিংয়ের সাইজে বিস্তীর্ণ বিকল্প প্রদান করে অ্যাক্সেন হাভভগ এবং উদাহরণ প্রদান করেছে। বাইরের দেশের থেকে এই অঞ্চলের অনেক দেশের চাষিদের জন্য ট্রেনিং প্রোগ্রামের ব্যবস্থা করেছে এডভানটা।

এছাড়াও, ভারতে বিদ্যমান কোম্পানির ৮৩ শতাংশ বিভিন্ন ধরণের এক্সটেনশন সার্ভিস প্রদান করে। ভারতে ক্যাপাসিটি বিল্ডিংয়ের বহু উদাহরণের মধ্যে উল্লেখযোগ্য হল নুজিভিড়ু সিডস যারা উত্তরপ্রদেশ সরকারের সঙ্গে একটি মউ চুক্তি সই করে যাতে সরকারের সহযোগিতায় ২৫টি জেলাতে ৪০,০০০ চাষিদের নিয়ে এক্সটেনশন সার্ভিস হিসেবে চাল এবং ভুট্টা উৎপাদনের কাজ করতে পারে। নামধারী সিডসের বিজনেস আর্ম হল নামধারী ফ্রেশ যারা ক্ষুদ্রক্ষমতাবান চাষিদের স্বদেশি এবং বিদেশি রফতানি মার্কেটের সঙ্গে যোগাযোগ তৈরি করে উদাহরণস্বরূপ দেখিয়ে দিয়েছে একটি কোম্পানি কীভাবে এই কাজ করতে পারে। চাষিদের জন্য কোম্পানি এই সম্পর্ককে বৈধ করতে একটি চুক্তি করে যে চুক্তি অনুসারে চাষিরা তাদের বৃদ্ধি করা ফলল নির্ধারিত মূল্যেই বিক্রি করবে ফলে কোম্পানি তাদের আউটপুট মার্কেটে প্রবেশ করার সুযোগ করে দিচ্ছে। দ্য অ্যাকসিস টু সিডস ইন্ডেক্স ফর সাউথ এশিয়া টি প্রকাশ করে ওয়াল্ড বেঞ্চমার্কিং অ্যালায়েন্স যারা হল সাসটেনেবেল ডেভেলপমেন্ট গোলস (এসডিজিএস)-এর পরিমাপ করার জন্য প্রথম বেঞ্চমার্ক ওরিয়েন্টেড সংস্থা। গত বছর সেপ্টেম্বর মাসে নিউ ইয়র্কের ইউএন জেনারেল অ্যাসেম্বলিতে এই উদ্যোগটি আরম্ভ করা হয় এসডিজিএস-এর কর্পোরেট পারফম্যান্সকে পরিমাণ করে এর তুলনা করে দেখে এদের লক্ষ্য হয়ে ওঠে বেসরকারি ক্ষেত্র উৎসাহিত করা যাতে তারা প্রচেষ্টা করে এসডিজি গোলস অর্জন করতে।




*অভিনেত্রী লিজা রায়-এর হাত দিয়ে উদ্বোধন হল র‍্যাডোর নতুন কালেকশন। বুধবার কলকাতায় ২০১৮-র নতুন সিজনের এই কালেকশনগুলির উদ্বোধন করলেন লিজা। তিনি বলেন, এই অনুষ্ঠানে উপস্থি থাকতে পেরে আমি আনন্দিত। এই ঘড়িগুলি ক্রেতাদের খুবই পছন্দের হবে।*